

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
অধিশাখা-১২  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www. most.gov.bd

নম্বর-৩৯.০০.০০০০.০১২.০০২.০৫.২০- ০৫

তারিখ: ২৬ পৌষ ১৪২৭  
১০ জানুয়ারি ২০২১

প্রাপক: চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার  
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়  
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের 'জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ কর্মসূচির' আওতায় ভৌতবিজ্ঞান গ্রুপের মোট ৮৪৮ জন ছাত্র-ছাত্রী/গবেষক [এমএস ৮৩১ জন = ৪,৪৮,৭৪,০০০/- টাকা, এমফিল ০৭ জন = ৫,০৯,৪০০/- টাকা, পিএইচডি ১০ জন = ৩০,০০,০০০/- টাকা] এর অনুকূলে ২০২০-২০২১ অর্থবছরের ০১/৭/২০২০ খ্রি: তারিখ হতে ৩০/৬/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত ১২ (বার) মাস সময়ের ফেলোশিপ বাবদ মোট ৪,৮৩,৮৩,৪০০/- (চার কোটি তিরিশ লক্ষ তিরিশ হাজার চারশত) টাকা অনুদান প্রদানের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

শর্তাবলি:

(ক) নির্ধারিত ফরমে তিন কপি পূরণকৃত বিল যথাযথভাবে উপসচিব, অধিশাখা-১২, কক্ষ নং-৯১৯, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - এ ঠিকানায় দাখিল করতে হবে। বিল ফরম মন্ত্রণালয়ের ওয়েবসাইটে পাওয়া যাবে। বিল ফরমের যথাস্থানে সরকারি আদেশ অনুযায়ী প্রয়োজ্যমত মেরিট নং এবং রেজিস্ট্রেশন নং আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

(খ) এমএস পর্যায়ের ছাত্র-ছাত্রীগণ আগামী ১৮/০১/২০২১ খ্রি: তারিখের মধ্যে এবং এমফিল/পিএইচডি পর্যায়ের গবেষকগণ আগামী ২০/০১/২০২১ খ্রি: তারিখের মধ্যে বিল দাখিল করবেন।

(গ) এক কপি বিলের গায়ে ১০/- (দশ) টাকার রেভিনিউ স্ট্যাম্প আঠা দিয়ে সংযুক্ত করতে হবে।

(ঘ) বিলে আবেদনকারীর স্বাক্ষর, গবেষণা তত্ত্বাবধায়ক ও বিভাগীয় প্রধানের স্বাক্ষর এবং অফিসিয়াল সীল থাকতে হবে।

(ঙ) এমফিল ও পিএইচডি ফেলোগণ তাদের বিভাগীয় প্রধানের প্রশংসা পত্র বিলের প্রত্যেক কপিতে সংযুক্ত করবেন। উক্ত প্রশংসাপত্রে 'গবেষণা কর্মে নিয়োজিত রয়েছেন এবং তাঁর গবেষণা কর্মের অগ্রগতি সন্তোষজনক' শব্দগুলো আবশ্যিকভাবে লিখিত থাকতে হবে।

(চ) এমফিল/পিএইচডি পর্যায়ের দ্বিতীয় ও তৃতীয় বর্ষের ফেলোগণ বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সেমিনারে তাঁদের প্রবন্ধ/গবেষণা এর অগ্রগতি উপস্থাপনের প্রস্তুতি রাখবেন।

২। ২০২০-২০২১ অর্থবছরে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের জাতীয় ফেলোশিপ কর্মসূচির আওতায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি (NST) ফেলোশিপ খাতে (১২০০০৫১০০-৩৮২১১১৭-বৃত্তি/মেধাবৃত্তি) বরাদ্দকৃত অর্থ হতে এ ব্যয় মিটানো হবে।

৩। অর্থ মন্ত্রণালয়ের ১৬-০৮-২০১৫ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) সংখ্যক সরকারি আদেশে প্রদত্ত ক্ষমতাবলে এ আদেশ জারি করা হলো।

  
(খান মোঃ রেজা-উন-নবী)

উপসচিব

ফোন: ৯৫৭৪৪১৯

E-mail: section12@most.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। রেজিস্ট্রার.....(বিশ্ববিদ্যালয়ে)

ফেলোশিপপ্রাপ্ত ছাত্র-ছাত্রী/গবেষককে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। সিস্টেম ম্যানেজার, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। অতিরিক্ত সচিব (বিপ্র) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।